

স্নাতকোত্তর অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

প্রথম বর্ষ, দ্বিতীয় সেমিস্টার

বাংলা বিভাগ

কোর্স : পি জি - ২.৫৭

বিষয় : বাংলাদেশের ছোটগল্প

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

১. 'একটি তুলসী গাছের কাহিনী' ছোটগল্প অবলম্বনে লেখকের সমাজ সচেতনতার পরিচয় দাও। ১০

অথবা

২. সমকালীন দুর্ভিক্ষ পীড়িত সময়ের চলচ্চিত্র 'নয়নচারা' গল্পের আখ্যান-বাস্তবতায় কীভাবে ধরা পড়েছে লেখো। ১০

৩. "চোখের ওপর থেকে অন্ধকার পর্দাটা যেন সরে গেল আর তার চোখের পানিতে ধূসর হয়ে এল দুটি পৃথিবী— যাকে সে ছেড়ে এল এবং যেখানে সে যাচ্ছে।" অন্তিম এই পঙ্ক্তি অবলম্বনে 'পরবাসী' গল্পটি বিশ্লেষণ করো। ১০

অথবা

৪. ভাত যাদের জীবনে স্বপ্ন হয়ে আছে, বাশেদ তাদের প্রতিনিধি। 'তুমরা' গল্প অবলম্বনে বাশেদ চরিত্রটি ব্যাখ্যা করো। ১০

৫. কায়েস আহমেদের গল্পে বিষণ্ণতা ও মৃত্যুভাবনা কীভাবে একটা নিয়ন্ত্রকের ভূমিকা পালন করে, তোমার পাঠ্য যে-কোনো দুটি গল্প অবলম্বনে বিষয়টি আলোচনা করো। ১০

অথবা

৬. "ওয়সি বরাবরই আমাদের চারপাশের ভয়াবহ বাস্তবকে খুব নিচু ঠান্ডা চোখে দেখে থাকেন।" তোমার পাঠ্য যে-কোনো একটি গল্প অবলম্বনে ওয়সি আহমেদ সম্পর্কে হাসান আজিজুল হকের এই মন্তব্যটি বিষয়ে তোমার মতামত জানাও। ১০

৭. সেলিম মোরশেদের 'কাটা সাপের মুণ্ডু' গল্পটিকে কি তুমি খিদের আখ্যান রূপে বিবেচনা করতে চাও? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ১০

অথবা

৮. সেলিম মোরশেদের 'সুব্রত সেনগুপ্ত' গল্পটির নামকরণ সম্পর্কে তোমার সুচিন্তিত মতামত জানাও। ১০